গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সোনাতলা, বগুড়া
www.dss.sonatola.bogra.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.১০৯৫.০০০.০০০.১৬.০০৩.২৬.১৯৩

তারিখঃ ০১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ আগস্ট ২০২৬ খ্রি.

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০২৬-২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।
সূত্র: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪.৭৩৬ তারিখ: ১৫/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সোনাতলা উপজেলার সকল ইউনিয়নের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ভাতা ও উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা আগামী ৩১/০৮/২০২৬ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। অনলাইনে dss.bhata.gov.bd/online-application লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। ভাতার আবেদন গ্রহণের বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রতিটি ওয়ার্ডে ব্যাপক মাইকিং ও প্রচারনার মাধ্যমে আগ্রহী ব্যক্তিদের অবগত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য:

১। আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন।
২। প্রতিবন্ধী ভাতার জন্য শুধুমাত্র সুবর্ণ নাগরিক কার্ডধারী ব্যক্তিগণ আবেদন করতে পারবেন।
৩। অনলাইনে আবেদনের ক্ষেত্রে প্রার্থীর নিজ নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এবং মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে।
৪। অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৫। পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকায় যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।

১৭/০৮/২০২৬
মো: শওকত আলী
উপজেলা সমাজসেবা অফিসার (ভারপ্রাপ্ত)
সোনাতলা, বগুড়া
e mail: usso.sonatola@dss.gov.bd

প্রাপক,
চেয়ারম্যান,.............................
সোনাতলা, বগুড়া।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সোনাতলা, বগুড়া।
৪। অফিস কপি।